পরিশিষ্ট-'ক'

# সোনালী ব্যাংক পিএলসি.

স্থানীয় কার্যালয়, ঢাকা।

**শিল্প প্রকল্প অর্থায়ন বিভাগ**

## অর্থঋণ আদালত আইন- ২০০৩ (সংশোধনী ২০১০) এর ৩৩(৫) ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি।

সোনালী ব্যাংক পিএলসি., স্থানীয় কার্যালয়, ঢাকা-এর ঋণগ্রহীতা/ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা: এডভান্স টেক্সটাইল মিলস্ লিঃ, পক্ষে- ব্যবস্থাপনা পরিচালক- জনাব এ আর মোমেন মোল্লা, পিতা- মৃত রেকমত আলী মোল্লা, যার অবস্থানঃ শ্রীনিবাসদি, আড়াই হাজার নারায়ণগঞ্জ;

(১) ব্যবস্থাপনা পরিচালকঃ এ আর মোমেন মোল্লা, পিতা- মৃত রেকমত আলী মোল্লা, মাতা- গুল আক্তার বেগম, বর্তমান ঠিকানা- গ্রাম+পোঃ- শ্রীনিবাসদি, থানা- আড়াই হাজার, জেলা- নারায়নগঞ্জ; স্থায়ী ঠিকানা- গ্রাম+পোঃ- শ্রীনিবাসদি, থানা- আড়াই হাজার, জেলা- নারায়নগঞ্জ।

(২) পরিচালকঃ ইউনুস এলহান, পিতা- মৃহ বাহার উল্লাহ, মাতা- মরহুমা হাজী রওশন আরা বেগম, ঠিকানা- ১৩ হোসেন উদ্দিন খান, ১ম লেন, নবাবগঞ্জ, লালবাগ, ঢাকা-১২১১।

(৩) পরিচালকঃ মোঃ ইউসুফ, পিতা- মৃহ বাহার উল্লাহ, মাতা- মরহুমা হাজী রওশন আরা বেগম, ঠিকানা- ১৩ হোসেন উদ্দিন খান, ১ম লেন, নবাবগঞ্জ, লালবাগ, ঢাকা-১২১১।

এই মর্মে সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, এ শাখা হইতে গৃহীত উপরোক্ত ঋণগ্রহীতা/ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের নামীয় ৩০/০৬/২০২৫ তারিখ ভিত্তিক ব্যাংকের পাওনা ১৪,৯৩,১৯,৫৪৩.০০ (চৌদ্দ কোটি তিরানব্বই লক্ষ উনিশ হাজার পাঁচশত তেতাল্লিশ টাকা মাত্র) টাকা এবং আদায়কালতক অনারোপিত সুদসহ অন্যান্য পাওনাদি আদায়ের নিমিত্ত অত্র শাখার অনুকূলে বন্ধকীকৃত স্থাবর সম্পত্তি (নির্মাণাদিসহ) অর্থঋণ আদালত আইন- ২০০৩ (সংশোধন ২০১০)-এর ৩৩(৫) ধারার বিধান মোতাবেক নিলামে বিক্রয় করা হইবে। নিলাম ক্রয়ে আগ্রহী ক্রেতাগণের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তাবলীতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

ব্যাংকের অনুকূলে বন্ধকীকৃত সম্পত্তির তফসিল

প্রকল্প ভূমির পরিমাণ ২৭.৪০ শতাংশ। যার বিস্তারিত নিম্নরূপঃ

| অবস্থান | মৌজা | খতিয়ান নং | | | দাগ নং | | জমির পরিমাণ (শতাংশ) | চৌহদ্দি |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | সিএস | এসএ | আরএস | সিএস ও এসএ | আরএস | | |
| জেলা- নারায়নগঞ্জ, থানা- আড়াই হাজার। | খাসেরকান্দি | ৬৫ | ১২৬ | ৮, ১৬ | ২২১, ২২২ | ২৯১, ২৯২ | ১৬.৫০ | উত্তরে-রাস্তা, দক্ষিণে-তোফাজ্জল হোসেন, পূর্বে- জামান মোল্লা, পশ্চিমে-হোসেন আলী। |
| | শ্রীনিবাসদী | ১১০ | ১০৬ | ৩৪ | ২৪ | ৩৫ | ৪.৫০ | |
| | ক্ষীরদাসদী | ২৭ | ২৪ | ১২০ | ৪ | ৫ | ৬.৪০ | |
| | | | | | | মোট = | ২৭.৪০ | |

**শর্তসমূহঃ**

০১) আগামী ২৮/০৭/২০২৫ তারিখ বেলা ৪.০০ ঘটিকার মধ্যে দরপত্র সোনালী ব্যাংক পিএলসি., স্থানীয় কার্যালয়, মতিঝিল, ঢাকাতে রক্ষিত দরপত্র বাক্সে জমা দিতে হইবে। ঐ দিনই বেলা ৪.১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। দরপত্র সরাসরি অথবা রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উক্ত শাখা/অফিসে পৌছাইতে হইবে।

০২) দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে বন্ধকী সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্রে দরপত্র দাতার নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর, জাতীয় পরিচয়পত্র, টিন (যদি থাকে) এবং প্রস্তাবিত একক প্রতি দর ও মোট মূল্য অথবা গুদামে মজুদ সমুদয় মালামাল (যেখানে যে অবস্থায় রহিয়াছে)/ সম্পত্তির মোট প্রস্তাবিত মূল্য উল্লেখ করিতে হইবে।

০৩) দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেষ্ট মানি ও মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইলঃ

| | আর্নেস্ট মানি/ জামানতের পরিমাণ | অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা |
|---|---|---|
| ক) | উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ২০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে |
| খ) | উদ্ধৃত দর ১০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ১৫% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে |
| গ) | উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মূল্যের ১০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে |

০৪) দাখিলকৃত দরপত্রে উল্লেখিত অবশিষ্ট মূল্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে মালামাল/ সম্পত্তি নিলাম খরিদ করিতে আহবান করা হইবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা (আহুত হইবার পর ০৩ নং অনুচ্ছেদে নির্ধারিত সময় সীমার মধ্যে) সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানতও বাজেয়াপ্ত করা হইবে। বাজেয়াপ্তকৃত জামানতের টাকা উক্ত দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।

০৫) দরপত্রে উল্লেখিত মালামাল/তফসিলভূক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পারিবে।

০৬) দরপত্র দাতা এক বা একাধিক তফসিলে বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা দিতে পারিবেন। তবে একই তফসিলভূক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

০৭) নিলাম ক্রেতা কর্তৃক সমুদয় মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকূলে মালামাল/সম্পত্তি হস্তান্তর করা হইবে। নিলাম ক্রেতাকে মালামাল হস্তান্তরের/সম্পত্তির রেজিষ্ট্রেশন, দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করিতে হইবে। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরপত্র দাতাকে বহন করিতে হইবে।

০৮) ঋণগ্রহীতা/প্রতিষ্ঠানের নিকট নিলামতব্য সম্পত্তি/মালামাল সংক্রান্ত সরকারী কর/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কোন দাবী/পাওনা যথা বিদ্যুৎ, গ্যাস, পানির বিল, পৌরকর, ভূমিকর ইত্যাদি বকেয়া থাকিলে তাহা নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে।

০৯) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো কিংবা কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করে।

১০) দরপত্র গৃহীত না হইলে দরপত্র দাতাকে জামানতের টাকা সর্বোচ্চ ৩(তিন) কর্মদিবসের মধ্যে ফেরত দেওয়া হইবে।

১১) নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বন্ধকী সম্পত্তি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য নিমণস্বাক্ষরকারীর সহিত যোগাযোগ করিতে পারিবেন।

ডেপুটি জেনারেল ম্যানেজার

টেলিফোনঃ ০২২২৩৩৮৫৭১৬